

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং- ২৩

তারিখঃ ১৩/০৭/২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**Online TM Form Monitoring System (OTFMS) এবং Online Inward Remittance Monitoring System (OIRMS) এ ট্যাক্স ও ভ্যাটের তথ্য রিপোর্টিং প্রসঙ্গে**

এফই সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি)২২০/২০১২-২৬; তারিখঃ ০৯/১২/২০১২ এবং পরবর্তীতে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স-২০১৮, খন্ড-১, অধ্যায়-৫, অনুচ্ছেদ-২(বি) এবং অনুচ্ছেদ-১০(বি) এ আউটওয়ার্ড রেমিট্যান্সের তথ্য Online TM Form Monitoring System (OTFMS) এবং ইনওয়ার্ড রেমিট্যান্সের তথ্য Online Inward Remittance Monitoring System (OIRMS) এ রিপোর্ট করার নির্দেশনা রয়েছে।

০২। এক্ষেপে, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ এর নির্দেশনা মোতাবেক আউটওয়ার্ড ও ইনওয়ার্ড রেমিট্যান্সের বিপরীতে পরিশোধিত ট্যাক্স ও ভ্যাটের প্রতি মাসের তথ্য OTFMS এবং OIRMS এ পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে বর্ণিত সিস্টেমসমূহে সংযোজিত User Guidelines অনুযায়ী আগস্ট'২০২২ হতে রিপোর্ট করার নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০৩। গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স-২০১৮, খন্ড-২, অধ্যায়-২, অনুচ্ছেদ-২৭(১) ও (২) এর নির্দেশনা মোতাবেক Inward ও Outward রেমিট্যান্সের Monthly Statement পূর্বের মতোই প্রতি মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (এফইপিডি) (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০৬২৫